

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং- ০৫.২০১.০২৫.০০.০০.০০৯.২০১৩-২২৪

০৩ আষাঢ় ১৪২২
তারিখঃ -----
১৭ জুন ২০১৫

বিষয় : ৪০ বছর বয়সোর্ধ ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাগণের জন্য বিপিএটিসিতে অনুষ্ঠেয় ৯ম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন আহবান।


বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র(বিপিএটিসি), সাভার, ঢাকায় আগামী ১৩ সেপ্টেম্বর ২০১৫ হতে ২৯ অক্টোবর ২০১৫ তারিখ পর্যন্ত ০৭(সাত) সপ্তাহ মেয়াদে ৪০ বছর বয়সোর্ধ ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাগণের জন্য ৯ম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে ৪০ বছর বয়সোর্ধ (কিন্তু ৫০ বছরের নীচে) ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। ৯ম বিশেষ বুনিয়াদি কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগে বা অধীনস্থ দপ্তর/সংস্থায় যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স গ্রহণ করেননি এবং যাদের বয়স ৪০ বছরের উর্ধ্বে কিন্তু ৫০ বছরের নীচে (১৩-০৯-২০১৫ তারিখে) এমন ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাদের নামের তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ১৬-০৭-২০১৫ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে (দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা, কক্ষ নং-১৭, ভবন নং-০১, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রঃ নং	পরিচিতি নং	কর্মকর্তার নাম	পদবি	কর্মস্থল	ব্যাচ নং	বর্তমান বয়স	মন্তব্য	মোবাঃ নং
---------	---------------	-------------------	------	----------	----------	--------------	---------	----------

২। উল্লেখ্য যে, বিভিন্ন ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাদের তালিকা পাওয়ার পর বর্ণিত কোর্সে অংশগ্রহণের জন্য এ মন্ত্রণালয় থেকে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে।

৩। প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য জনপ্রতি কোর্স ফি ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকা বিপিএটিসি কর্তৃপক্ষের অনুকূলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জমা প্রদান করতে হবে।


(শাহে এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৬৮৫২
Sasit2@mopa.gov.bd

প্রাপক

- ১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব..... মন্ত্রণালয়/বিভাগ।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।

অনুলিপিঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। রেজ্ট্রার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র(বিপিএটিসি), সাভার, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব(সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্ম-সচিব (প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। অফিস কপি।